# রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আনোয়ার সাদাত
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী।

সভার তারিখ : ১১/১২/২০১৭ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা " ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা সভার অনুষ্ঠান** ঃ অত্র উপজেলার নওপাড়া এবং মাড়িয়া ইউনিয়ন পরিষদ ব্যতিত অন্য কোন ইউনিয়ন ও পৌরসভা হতে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই । সন্ত্রাস নাশকতা বিষয়ে এ উপজেলায় কোন ঘটনা না থাকলেও বিগত দিনে দেশে ঘটে যাওয়া জঙ্গীবাদের দুটি ঘটনায় মানুষ অস্থিতিকর পরিবেশে সারা দেশে প্রতিবাদমুখর হয়ে উঠেছে। সভাপতি দেশের আইন-শৃংখলা রক্ষার্থে সকলকে এগিয়ে আসার আহবান জানান। | অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ও পৌরসভাতে প্রতি মাসে নিয়মিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান করে কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া এলাকার গ্রামে মহল্লায় কোন অপরিচিত আগন্তক ও সন্দেহজনক ব্যক্তির গতিবিধি পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন/ থানাকে অবহিত করার জন্য বলা হলো। | মেয়র, দুর্গাপুর পৌরসভা/ সকল ইউপি চেয়ারম্যান |
| ০২ | **জনমত সৃষ্টিঃ** সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ করে জনমত সৃষ্টির জন্য মসজিদ, মাদ্রাসা, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের ইমাম, মুয়াজ্জিন, মসজিদ কমিটির সভাপতি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা করে সন্ত্রাস ও নাশকতা বিরোধী বক্তব্যের মাধ্যমে জনসচেতনা বৃদ্ধি করার বিষয় আলোচনা করা হয়। | সন্ত্রাস ও নাশকতা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান, সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৩ | **নিরাপত্তা ব্যবস্থাঃ** অত্র উপজেলার সরকারী ও বেসরকারী স্থাপনা সমূহে ও স্কুল কলেজ, মাদ্রাসা সমূহের নিরাপত্তার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। স্ব-স্ব ভবন, প্রতিষ্ঠানের নিরাপত্তার লক্ষ্যে গ্রাম পুলিশদের টহল জোরদার করার জন্য ইউ, পি চেয়ারম্যানগণকে বলা হলো।<br>২। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণকে তাদের নিজেস্ব লোকবল দিয়ে প্রাথমিকভাবে ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা করা হলো।<br>৩। অফিসার ইনচার্জ, দুর্গাপুর, রাজশাহীকে গুরুত্বপূর্ণ রাস্তাঘাট ও স্থাপনাসমূহে পুলিশি টহলের ব্যবস্থা জোরদার করণের জন্য অনুরোধ করা হলো। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান/ অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা/ সকল ইউপি চেয়ারম্যান |
| ৪ | **মসজিদ/গীর্জা/মন্দিরে আলোচনা** ঃ গ্রামে-গ্রামে মসজিদের ইমাম ও পুরোহিতদের নিয়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ের উপর আলোচনা হয়। | মসজিদের ইমাম ও পুরোহিত, সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, দুর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতি মাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সভাপতি পূজা উদযাপন পরিষদ, আহবায়ক কমিউনিটি পুলিশ,দুর্গাপুর |
| ৫ | **শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা** ঃ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এসেম্বলির সময় জাতীয় সংগীতের পূর্বে ২/৩ মিনিটের জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের উদ্দেশ্যে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকবিরোধী বক্তব্য প্রদান এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ের উপর আলোচনা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতিমাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **ছাত্রাবাস/মেসসমূহ নিয়ন্ত্রণ ঃ** সাম্প্রতিক কালে দেখা যাচ্ছে যে, বিভিন্ন ছাত্রাবাস ও মেস সমূহে বোর্ডাররা বিভিন্ন নাশকতা কাজের সাথে জড়িত হয়ে পড়ছে। এমতাবস্থায় ছাত্রাবাস/ মেস সমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ ও নজরদারী বৃদ্ধি করার জন্য আইন-শৃংখলা বাহিনীকে অনুরোধ জানানো হয় এবং তথ্য আদান- প্রদানের লক্ষে সমন্বয় রক্ষার জন্য বলা হলো। | ছাত্রাবাসে/মেসে অবস্থানরত যেসকল ছাত্র/ ছাত্রী রয়েছে তারা যাতে সন্ত্রাস ও নাশকতামূলক কাজে জড়িয়ে না পড়ে সে বিষয়ে খোঁজ-খবর রাখার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭ | **রাস্তার নিরাপত্তা ঃ** রাস্তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো তৎপর হয়ে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা, দুর্গাপুর, রাজশাহীকে গুরুত্বপূর্ণ সড়কগুলোতে পুলিশী টহল জোরদার করণের জন্য বলা হলো। | অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা |
| ০৮ | **মসজিদের মাইক ব্যবহার ঃ** মসজিদের মাইক অপব্যবহার রোধে মসজিদ পরিচালনা কমিটি, ইমাম,খতিব ও মুয়াজ্জিনদের সতর্ক হওয়ার জন্য বলা হলো। | সুপারভাইজার,ইসলামিক ফাউণ্ডেশন,দুর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতিমাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | সুপারভাইজার ইসলামীক ফাউণ্ডেশন,দুর্গাপুর |
| ০৯ | **সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা ঃ** সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্থানীয় জন প্রতিনিধিদের সম্পৃক্ত করে জন সচেনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনার জন্য সভায় সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান, মেয়র, দুর্গাপুর পৌরসভা ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশান, দুর্গাপুর, রাজশাহীর প্রতি দৃষ্টি রাখা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, মেয়র, ইউপি চেয়ারম্যানসহ সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশান, দূর্গাপুর, রাজশাহী এবং সভাপতি, পূজা উদযাপন পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো। | মেয়র,দুর্গাপুর পৌরসভা/সকল ইউপি চেয়ারম্যান/সভাপতি পূজা উদযাপন পরিষদ/সভাপতি বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদ,দুর্গাপুর |

আলোচনার আর বিশেষ কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

( মোঃ আনোয়ার সাদাত)
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর, রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১৩১.০০০.০৮.০২১.১৭- ৫৪২(৩৫)
তারিখঃ ৩১/১২/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য,৫৬-রাজশাহী-৫(দুর্গাপুর-পুঠিয়া) নির্বাচনী এলাকা।
০২। জেলা ম্যাজিস্ট্রেট,রাজশাহী।
০৩। পুলিশ সুপার, রাজশাহী।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, রাজশাহী ও উপদেষ্টা,উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি।
০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দুর্গাপুর,রাজশাহী।
০৬। মেয়র,দুর্গাপুর পৌরসভা, দুর্গাপুর, রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, রাজশাহী।
০৮। উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, রাজশাহী।
০৯। অফিসার ইনচার্জ,দুর্গাপুর থানা, দূর্গাপুর, রাজশাহী।
১০। চেয়ারম্যান,নওপাড়া/কিসমতগণকৈড়/পানানগর/দেলুয়াবাড়ী/ঝালুকা/মাড়িয়া/জয়নগর ইউনিয়ন পরিষদ,দুর্গাপুর,রাজশাহী।
১১। জনাব.............................................................................

(মোঃ আনোয়ার সাদাত)
উপজেলা নির্বাহী অফিসার
দুর্গাপুর,রাজশাহী